

Reg
mm/m/ol
20/22/22



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd



স্মারক নং ৪- ৫৭.১৭.০০০০.২০১.০৫.২১.০০৪

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি


শিক্ষা মন্ত্রণালয়ের (স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯ তারিখঃ ১৩ জুন, ২০২১ খ্রি.) প্রজ্ঞাপনের আলোকে মূল টেকনোলজির আওতায় পুনঃবিন্যাসকৃত ইমার্জিং টেকনোলজির পঠিত বিষয়সমূহের বিষয়ভিত্তিক বিষয়বস্তুর ন্যূনতম ৬৫% মিল বা সমতা থাকলে ইমার্জিং টেকনোলজি হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে বোর্ডের প্রোগ্রাম সমতুল্যতা কমিটির সুপারিশের আলোকে ইমার্জিং টেকনোলজির সংশ্লিষ্ট মূল টেকনোলজির সমতুল্যতা সনদ প্রাপ্ত হবেন এবং পঠিত বিষয়সমূহের বিষয়ভিত্তিক বিষয়বস্তুর ন্যূনতম ৬৫% মিল বা সমতা না থাকলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত মেক-আপ কোর্স সম্পন্ন করে উত্তীর্ণ হলে সমতুল্যতা সনদ প্রাপ্ত হবেন। মূল টেকনোলজির সাথে ৬৫% মিল বা সমতা নেই এমন ইমার্জিং টেকনোলজি হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতুল্যতা সনদ প্রাপ্তির জন্য নিম্নে ছকে বর্ণিত প্রতিষ্ঠানসমূহে আগামী ২০ ডিসেম্বর, ২০২১ খ্রি. হতে ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রি. তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে মেক-আপ কোর্সে নিবন্ধন এবং সমতুল্যতা সনদ প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২১ অনুযায়ী কার্যসম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

মেক-আপ কোর্সের জন্য নির্ধারিত পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের নাম:

ক্রম	নাম	মন্তব্য
১.	ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।	টেকনোলজি থাকা সাপেক্ষে মেক-আপ কোর্স করা যাবে।
২.	ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।	
৩.	চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, চট্টগ্রাম।	
৪.	ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট, ময়মনসিংহ।	
৫.	খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা।	
৬.	বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট, বরিশাল।	
৭.	সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট	
৮.	রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী।	
৯.	বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া	
১০.	রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।	

সংযুক্তিঃ

- ১। Make-up কোর্স এর নীতিমালা-২০২২।
- ২। Make-up কোর্স এর কোর্স স্ট্রাকচার।


(প্রকৌ. ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা

অধ্যক্ষ

অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট / ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট / চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট / ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট / খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট / বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট / সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট / রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট / বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট / রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০৫.২১.০০৪ (১১)

তারিখ : ১৫/১২/২০২১ খ্রিঃ

দয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(দৃঃ আঃ অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।)
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(দৃঃ আঃ পরিচালক, পলিটেকনিক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।)
- ৩। উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫-৮। সচিব/পরিচালক (আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
- ১১। অফিস নথি।


১৫/১২/২১

(রূপক কান্তি বিশ্বাস)

কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড